গাংনী ও মুজিবনগরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ ও চুরির অভিযোগে ১ জন গ্রেফতার হয়েছে। এছাড়া গাংনী থানা পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতে পুলিশের পৃথক পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৫ শত গ্রাম গাঁজাসহ মোঃ স্বপন আলী (২৮) নামের এক মাদক কারবারিকে আটক করেছে।

গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রাম থেকে। গ্রেফতারকৃত আসামী স্বপন আলী হারেজ আলীর ছেলে।

থানা সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার এসআই ওবাইদুর রহমান

ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্সের সহায়তায় অত্র এলাকায় মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ১টি পলিথিনের ব্যাগে বিশেষ কায়দায় রাখা ৫ শত গ্রাম গাঁজাসহ স্বপন আলী কে আটক করে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির মাদক উদ্ধার এবং এক মাদক কারবারিকে আটকের বিষয়টি নিশ্চিত করে বলেন, আটককৃত আসামী স্বপন আলী এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে। পরবর্তীতে তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে জাতীয় শোকের মাস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টায় উপজেলা মঞ্চে এ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা- আলমডাঙ্গা ১ আসনের সাংসদ বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, পরাজিত শক্তির বিপক্ষে ১৯৭১ সালে আমরা যুদ্ধ করেছিলাম। যুদ্ধে লাখো মা-বোনকে নির্যাতন করে হত্যা করেছে, ঘর বাড়িতে আগুন জ্বালিয়েছে, যুব সমাজকে ধ্বংস করেছে এবং গুলি করে হত্যা করেছে। যুদ্ধের ৫২ বছর পার হয়ে ৫৩ বছর হতে চলেছে। আমরা যাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলাম তারা কিন্তু এখন ভুলে নাই। তারা এখনো প্রতিশোধ নেবার জন্য ষড়যন্ত্র করে যাচ্ছে।

ষড়যন্ত্র থেমে নেই। আগে যেমন দেশী বিদেশী আমেরিকা, পাকিস্তান, আলবদর, আলশাম ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র করেছিলো। তারা ভেবেছিলো বঙ্গবন্ধুকে হত্যা করলে স্বাধীনতা বিচলিত হবে, কেউ স্বাধীনতার পক্ষে কথা বলবে না। কেউ আওয়ামীলীগ সংগঠনের কথা শুনবে না। তারা কখনো ভাবেনি এক বঙ্গবন্ধুকে হত্যা করে এখন হাজারো বঙ্গবন্ধু হাজারো ঘরে ঘরে আছে।

তিনি আরো বলেন, যারা সত্যি বঙ্গবন্ধুর সৈনিক সকলে ঐক্যবদ্ধ ভাবে সকল ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আমরা যেমন বঙ্গবন্ধুকে হারিয়েছি, তবে তারই কণ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই দেশকে যখন বিশ্বের কাছে মাথা উঁচু করে দাঁড়াচ্ছে এটা দেখে পরাজিত শত্রুরা আবারো মাথাচাড়া দিচ্ছে। এই দেশ যারা চাইনি, এদেশে কিছু হোক তারা এখনো চাইনা।

আলোচনা সভা অনুষ্ঠানে পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল আনিসুজ্জামান লালন, জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা উপজেলা আআওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি, সাবেক সহ-সভাপতি লিয়াকত আলি লিপু মোল্লা, আমিরুল ইসলাম মন্টু, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্মসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যার ও ছাত্রলীগের সাবেক সভাপতি সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস-চেয়ারম্যার কাজি মারজাহান নিতু, কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আবু সাইদ পিন্টু, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান চঞ্চল, জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাসানুজ্জামান হান্নান, বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক লাল্টু।

এছাড়াও উপজেলা ও পৌরসহ বিভিন্ন ইউনিয়ন আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

গ্রেফতার ২

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২১পিস ইয়াবা ট্যাবলেটসহ ২জনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায় রবিবার ভোর ৪টার দিকে চিৎলা গ্রাম থেকে ২১পিস ইয়াবা ট্যাবলেটসহ ২ জনকে গ্রেফতার করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে এসআই মঞ্জুরুল হক সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা মডেল থানাধীন চিৎলা কদমতলা সাঈদের মটর সাইকেল গ্যারেজের সামনে পাকা রাস্তার উপর থেকে ২১পিস ইয়াবা ট্যাবলেটসহ ২জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের সুজন আলীর ছেলে সাকিল আহম্মেদ (২২) ও গোবিন্দহুদা গ্রামের বাবু শেখের ছেলে আজিজুল শেখ (৩২)।

গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার পুলিশী অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২, সিআর মামলায় ১ ও ১৫১ ধারায় ২ জন আসামি এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি রয়েছে।

সোমবার রাতের বিভিন্ন সময়ে দুটি উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করে বলেন, গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরকে মাদক মুক্ত করতে থানা পুলিশের মাদকবিরোধী অভিযান

“মাদককে না বলি মাদক মুক্ত সমাজ গড়ি” ঐতিহাসিক মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে থানা পুলিশ মাদকবিরোধী সর্বাত্মক অভিযান শুরু করেছে।

আজ বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর থানা চত্বর থেকে মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা এর নির্দেশে এবং মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেলের তত্ত্বাবধায়ানে এক ঝাঁক পুলিশ সদস্যদের নিয়ে মুজিবনগর থানা পুলিশের মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে এই সর্বাত্মক অভিযান শুরু করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল জানান, মাদকের বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স, মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের কোন ছাড় নাই। যুব সমাজকে একটি সুন্দর জীবন উপহার দেওয়ার প্রত্যয়ে মুজিবনগর উপজেলা কে মাদক মুক্ত করতে মাদকসেবী এবং মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের এই সর্বাত্মক অভিযান অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার-৪

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের নিয়মিত মামলার ২ ও পুলিশ আইনের ৩৪ ধরায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৫ মে) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন পুলিশ। পুলিশের সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।
গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (২৫ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।